# দুর্নীতি দমন ছাড়া গণতান্ত্রিক প্রক্রিয়া পুনর্গঠন অসম্ভব: বদিউল আলম



সংগৃহীত ছবি

সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক বদিউল আলম মজুমদার বলেছেন, দুর্নীতি ও দুর্বৃত্তায়ন রাজনীতি ও নির্বাচনের পথে প্রধান অন্তরায়। তিনি মনে করেন, দুর্নীতি বন্ধ না হলে সুষ্ঠু ভোট ও গণতান্ত্রিক প্রক্রিয়ার পুনর্গঠন সম্ভব নয়।

রাজনীতি ও নির্বাচনে দুর্নীতি দূর করা না গেলে গণতান্ত্রিক প্রক্রিয়া পুনর্গঠন হবে না বলে মন্তব্য করেছেন সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক বদিউল আলম মজুমদার।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত 'গণতান্ত্রিক পুনর্গঠনের জন্য সংলাপ' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, "আইনি কাঠামো ঠিক থাকলেও গত তিনটি জাতীয় নির্বাচনে দুর্নীতি হয়েছে। দুর্নীতি ও দুর্বৃত্তায়ন দূর না হলে সুষ্ঠু ভোট সম্ভব নয়।" এবারের নির্বাচনেও যদি দুর্নীতি রোধ করা না যায়, তবে গণতান্ত্রিক ব্যবস্থা আরও দুর্বল হবে বলে তিনি সতর্ক করেন।

বদিউল আলম আরও বলেন, রাজনীতিতে নীতিবিরুদ্ধ কাজ ও দুর্নীতি বন্ধ করতে না পারলে রাষ্ট্রের স্থিতিশীলতা ঝুঁকির মুখে পড়বে। তাই গণতান্ত্রিক ব্যবস্থার টিকে থাকা ও পুনর্গঠনের জন্য দুর্নীতি দমন এখন সময়ের প্রধান দাবি।

LENS ASIA